

সামিটের চেয়ারম্যান নয়া দিল্লীর রিজিওনাল কানেক্টিভিটি কনফারেন্সে



ফটো ক্যাপশন: (ডান থেকে) নয়া দিল্লীতে আয়োজিত ইন্দো-প্যাসিফিক বিষয়ক রিজিওনাল কানেক্টিভিটি কনফারেন্স অন সাউথ এশিয়া - তে বক্তব্য রাখেন সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, ডায়মন্ড গ্যাস ইন্টারন্যাশনালের (মিতসুবিশি) ভিপি তারো ইয়ানাগিদাট, শেল ইন্ডিয়ান কান্ট্রি ম্যানেজার অনিন্দ্য চৌধুরী এবং ইন্টিগ্রেটেড রিসার্চ এন্ড অ্যাকশন ফর ডেভেলপমেন্টের (আইআরএডি) চেয়ারম্যান কিরিত পারিখ।

(নয়া দিল্লী, ভারত) নভেম্বর ০৭, ২০১৮: সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “বাংলাদেশ এবং ভারতের পূর্ব উপকূলীয় এলাকায় প্রাকৃতিক গ্যাসের ব্যাপক প্রয়োজন রয়েছে। বাংলাদেশ ভারতের পূর্ব উপকূলের আগে এলএনজি আমদানি শুরু করেছে এবং বাংলাদেশ ভারতের সমগ্র পূর্ব উপকূলের জন্য এলএনজির বাণিজ্যিক কেন্দ্র হতে পারে। জলবায়ু পরিবর্তনে যেসব নেতিবাচক প্রভাব আমরা অনুভব করছি, বিশেষ করে সেজন্য আমরা মনে করি এলএনজির ব্যবহার, বিদ্যুৎ উৎপাদনে এলএনজির ব্যবহার ডি-কার্বোনাইজ করবে এবং আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখবে।”

এই রিজিওনাল কনফারেন্সটি কাটস ইন্টারন্যাশনাল, ইস্ট ওয়েস্ট সেন্টার, এফআইসিসিআই এবং গিফট অফ দ্যা ইউনাইটেড স্টেটস গভর্নমেন্ট আয়োজন করে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসানা ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।